কালের কণ্ঠ

তারিখ ... 19 SEP 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৭...

এইচএসসির পুনর্নিরীক্ষার ফল

# চট্টগ্রামে ফেল থেকে পাস করেছে ৮৬ জন শিক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷**

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে সম্প্রতি প্রকাশিত এইচএসসি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষণের পর ৩২৯ জন শিক্ষার্থীর ফল (জিপি) পরিবর্তন হয়েছে। এর মধ্যে নতুন করে ফেল থেকে পাস করেছে ৮৬ জন। নতুন করে জিপিএ ৫ পেয়েছে ৩৯ জন। আর এক হাজার ১২৯ জন শিক্ষার্থীর নম্বরপত্রের পরিবর্তন হয়েছে।

গত শনিবার শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পুনর্নিরীক্ষণের এ ফল প্রকাশ করা হয়। এবার ফল পুনর্নিরীক্ষণের জন্য রেকর্ডসংখ্যক ৫৫ হাজার ৮৭৯টি আবেদন পড়েছে বলে শিক্ষা বোর্ড সূত্র জানায়। মোট ১৪ হাজার ৯২৩ শিক্ষার্থী এসব আবেদন করে। এর মধ্যে সবচেয়ে বেশি আবেদন পড়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে। এসব আবেদনের মধ্য থেকে পুনর্নিরীক্ষার পর ৩২৯ জন শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মোহাম্মদ মাহাবুব হাসান কালের কণ্ঠকে বলেন, 'পুনর্নিরীক্ষণের পর জিপিএ পরিবর্তন হয়েছে ৩২৯ জনের। এক হাজার ১২৯ জন শিক্ষার্থীর নম্বর পরিবর্তন হয়েছে। তবে তাদের গ্রেড পরিবর্তন হয়নি।'

জানা যায়, মোবাইলে এসএমএসের মাধ্যমে গত ১৮ থেকে ২৫ আগস্ট পর্যন্ত উত্তরপত্র পুনর্নিরীক্ষণে আবেদন করে শিক্ষার্থীরা।